

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ

ফোন: ০২৬৬৭৩০৩১, মোবাইল: ০১৩০৯১১১৯৯৯

ই-মেইল: gsscollege\_mukta@yahoo.com

ওয়েবসাইট: gsscollege.gov.bd

তারিখ: ০৯/১০/২০২৪ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রম অত্র কলেজে নিম্নবর্ণিত নির্দেশনার আলোকে সম্পাদন করা হবে।

১ম মেখা তালিকা অনুযায়ী ভর্তি কার্যক্রমের সময়সূচি

কোর্স	ফরম সংগ্রহ ও জমা	ভর্তির তারিখ ও বার	সময়
বিএসএস	সমাজকর্ম বিভাগ	২৮ অক্টোবর ২০২৪ সোমবার থেকে ৩০ অক্টোবর ২০২৪ বুধবার পর্যন্ত	প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে বিকাল ০৩.০০ টা পর্যন্ত
বিবিএস	অর্থনীতি বিভাগ		
বিএ	অর্থনীতি বিভাগ		

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনার আলোকে ([www.nu.edu.bd/admissions](http://www.nu.edu.bd/admissions)) অনলাইনে ভর্তির আবেদন ফরম A4 সাইজের অফসেট কাগজে পূরণ ও প্রিন্ট করে ০২ কপি অত্র কলেজের ভর্তির জন্য নির্ধারিত কক্ষে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট উল্লিখিত সময় পর্যন্ত জমা দেওয়া যাবে।
- প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে। আবেদন ফরমের সাথে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র, প্রশংসাপত্রের ফটোকপি (১ সেট) ও ০৪ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি জমা দিতে হবে (উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্র ও মূল প্রশংসাপত্র অবশ্যই জমা দিতে হবে)।
- কলেজের হিসাব শাখায় (সকল কোর্সের জন্য এক বৎসরের বেতন, অভ্যন্তরীণ পরীক্ষা ও ভর্তি ব্যবস্থাপনা ফিসহ) ৩,০৩০/- (তিন হাজার ত্রিশ টাকা) প্রদান করে ভর্তির রশিদ সংগ্রহ করতে হবে। উপরের উল্লিখিত স্থানে ভর্তি রশিদ প্রদর্শন করে ভর্তি ফরম সংগ্রহ ও পূরণ করে জমা দিতে হবে।
- কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসনের বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি নির্দেশনা অনুসরণ করে আবেদন ফরম পূরণ ও জমাদানের জন্য বলা হলো।
- সকল বিভাগের আবশ্যিক বিষয় : ১। বাংলা ২। ইংরেজি ৩। স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস।
- নৈর্বাচনিক বিষয়সমূহ :  
বি এ : ক) ইসলামিক স্টাডিজ খ) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি  
গ) রাষ্ট্রবিজ্ঞান অথবা সমাজকর্ম অথবা অর্থনীতি - যে কোনো ০১ টি বিষয়।  
বি এস এস : ক) ইসলামিক স্টাডিজ অথবা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি- যে কোনো ০১ টি বিষয়।  
খ) রাষ্ট্রবিজ্ঞান অথবা সমাজকর্ম অথবা অর্থনীতি - যে কোনো ০২ টি বিষয়।  
বি বি এস : ক) অর্থনীতি খ) হিসাববিজ্ঞান গ) ব্যবস্থাপনা
- ক্রাস শুরু তারিখ: ০৫ নভেম্বর ২০২৪ তারিখ মঙ্গলবার।

বি: দ্র: নির্ধারিত সময়ে ভর্তি না হলে ভর্তির মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

০৯/১০/২০২৪  
অধ্যক্ষ

শহীদ স্মৃতি সরকারি কলেজ  
মুক্তাগাছা, ময়মনসিংহ

০৯.১০.২০২৪

একেএম ইমদাদুল হাসান (০০০১৫০১১)  
সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ  
আহ্বায়ক  
২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক পাস (ডিগ্রি)  
১ম বর্ষ ভর্তি কমিটি  
শহীদ স্মৃতি সরকারি কলেজ  
মুক্তাগাছা, ময়মনসিংহ